



তথ্যবিবরণী

নম্বর-০৬৫

নগরীতে প্রতিমা বিসর্জন ঘাট পরিদর্শন করলেন রাসিক প্রশাসক

রাজশাহী; ২৪ আশ্বিন (০৯ অক্টোবর):

আজ (০৯ অক্টোবর) বুধবার বিকালে মহানগরীর ফুদকিপাড়াস্থ প্রতিমা বিসর্জন ঘাট পরিদর্শন করেছেন রাজশাহী বিভাগীয় কমিশনার ও রাসিক প্রশাসক ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর।

এ সময় পূজা উদযাপনের সার্বিক প্রস্তুতি ও নিরাপত্তা বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, রাজশাহী মহানগরীতে এ বছর ৭৭টি পূজামণ্ডপে দুর্গাপূজা উদযাপিত হচ্ছে। উৎসবমুখর পরিবেশে নির্বিঘ্নে পূজা উদযাপনের জন্য ইতোমধ্যে এসব মণ্ডপগুলোর পূজা উদযাপন কমিটির সঙ্গে রাসিক এর একাধিক বৈঠক হয়েছে। এর সাথে সংশ্লিষ্ট আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, গোয়েন্দা বাহিনী ও উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে পূজা উপলক্ষে জননিরাপত্তার জন্য ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

তিনি আরও বলেন, ভক্তদের আহ্বারের জন্য প্রতিটি পূজা মণ্ডপে সরকারের পক্ষ থেকে ৫০০ কেজি করে চাল বিতরণ করা হয়েছে। এছাড়াও মহানগরে স্থাপিত প্রত্যেকটি পূজা মণ্ডপকে রাসিকের পক্ষ থেকে ২০ হাজার টাকা এবং জেলা পরিষদ থেকে ৫ হাজার টাকা করে অনুদান প্রদান করা হয়েছে।

দশমীর দিন প্রতিমা বিসর্জন ঘাটে একটি মুক্তমঞ্চ স্থাপন করা হবে এবং মহানগরীর ৭৭টিই প্রতিমা এখানে বিসর্জন হবে বলে জানিয়েছেন রাসিক প্রশাসক। প্রতিমা বিসর্জন ঘাটের কচুরীপানাসহ আশপাশে পরিষ্কার পরিচ্ছন্ন করার জন্য তিনি নির্দেশ প্রদান করেন। বিসর্জনের দিন যান চলাচল নির্বিঘ্ন করার উদ্দেশ্যে প্রতিমা বিসর্জন ঘাট সংলগ্ন রাস্তায় একমুখী যানচলাচল নিশ্চিত করার জন্য ট্রাফিক পুলিশকে নির্দেশনা দিয়েছেন রাসিক প্রশাসক।

.....

তৌহিদ/আতিক/আরিফ/আলীম/হালিম/১৮:০০ঘ.